

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৪০৪

২৩. কুরআনের ফ্যীলত অধ্যায় (كتاب فضائل القرآن)

পরিচ্ছেদঃ ৯. এ কুরআনের মাধ্যমে আল্লাহ কোন কোন জাতীর উত্থান ঘটাবেন এবং কোন কোন জাতির পতন ঘটাবেন

باب إِنَّ اللَّهَ يَرْفَعُ بِهَذَا الْقُرْآنِ أَقْوَامًا وَيَضَعُ آخَرِينَ

আরবী

أَخْبَرَنَا الْحَكَمُ بْنُ نَافِعٍ عَنْ شُعَيْبِ بْنِ أَبِي حَمْزَةَ عَنْ الزُّهْرِيِّ حَدَّتَنِي عَامِرُ بْنُ وَاقِلَةً أَنَّ نَافِع بْنَ عَبْدِ الْحَارِثِ لَقِيَ عُمَرَ بْنَ الْخَطَّابِ بِعُسْفَانَ وَكَانَ عُمَرُ اسْتَعْمَلَهُ عَلَى أَهْلِ مَكَّةَ فَسَلَّمَ عَلَى عُمَرَ فَقَالَ لَهُ عُمَرُ مَنْ اسْتَخْلَفْتَ عَلَى أَهْلِ الْوَادِي فَقَالَ نَافِعٌ اسْتَخْلَفْتُ عَلَى عُمَرَ فَقَالَ نَافِعٌ اسْتَخْلَفْتُ عَلَيْهِمْ ابْنَ أَبْزَى فَقَالَ عُمَرُ وَمَنْ ابْنُ أَبْزَى فَقَالَ مَوْلًى مِنْ مَوالِينَا فَقَالَ عُمَرُ فَاسْتَخْلَفْتَ عَلَيْهِمْ مَوْلًى فَقَالَ عَمْرُ فَاسْتَخْلَفْتَ عَلَيْهِمْ مَوْلًى فَقَالَ يَا أَمِيرَ الْمُؤْمِنِينَ إِنَّهُ قَارِئٌ لِكِتَابِ اللَّهِ عَالِمٌ بِالْفَرَائِضِ فَقَالَ عُمَرُ أَمَا عَلَيْهِمْ مَوْلًى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ إِنَّ اللَّهَ يَرْفَعُ بِهِذَا الْكِتَابِ أَقُوامًا وَيَضَعُ بِهِ إِنَّ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ إِنَّ اللَّهَ يَرْفَعُ بِهِذَا الْكِتَابِ أَقُوامًا وَيَضَعُ بِهِ إَنْ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ إِنَّ اللَّهَ يَرْفَعُ بِهِذَا الْكِتَابِ أَقُوامًا وَيَضَعُ بِهِ إَنْ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ إِنَّ اللَّهُ يَرْفَعُ بِهِذَا الْكِتَابِ أَقُوامًا ويَضَعُ بِهِ آخَرِينَ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ إِنَّ اللَّهُ يَرْفَعُ بِهِذَا الْكِتَابِ أَقُوامًا ويَضَعُ بِهِ الْخَرِينَ

বাংলা

৩৪০৪. নাফি' ইবনু 'আবদুল হারিস (রহ.) থেকে বর্ণিত। তিনি 'উসফান নামক স্থানে 'উমার ইবনুল খাত্তাব রাদ্মিয়াল্লাছ আনছ-এর সাথে সাক্ষাৎ করেন। 'উমার রাদ্মিয়াল্লাছ আনছ তাকে মক্কার গভর্নর নিয়োগ করেছিলেন। তিনি উমার রাদ্মিয়াল্লাছ আনছ কে সালাম দেন। তখন 'উমার রাদ্মিয়াল্লাছ আনছ তাকে বলেন, উপত্যকাবাসী (বেদুঈন)-দের জন্য তুমি কাকে প্রশাসক নিয়োগ করেছ? নাফি' বলেন, আমি ইবনু আব্যা কে তাদের প্রশাসক নিয়োগ করেছি। 'উমার রাদ্মিয়াল্লাছ আনছ বলেন, ইবনু আব্যা কে? তিনি বলেন, সে আমাদের একজন মুক্তদাস। 'উমার রাদ্মিয়াল্লাছ আনছ বলেন, তুমি একজন মুক্তদাসকে জনগণের প্রশাসক নিয়োগ করলে? তিনি বলেন, হে আমীরুল মু'মিনীন! সে তো মহান আল্লাহর কিতাবের বিশেষজ্ঞ আলিম, ফারায়িয সম্পর্কে অভিজ্ঞ। 'উমার রাদ্মিয়াল্লাছ আনছ বলেন, শোন! রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: "নিশ্চয় আল্লাহ তা'আলা এই কিতাবের দ্বারা কতক লোককে উচ্চ মর্যাদায় অধিষ্ঠিত করেন এবং কতককে অবনমিত করেন।"[1]

ফুটনোট



[1] তাহকীক: এর সনদ সহীহ।

তাখরীজ: মুসলিম, সালাতুল মুসাফিরীন ৮১৭ ও এর পরে নম্বরবিহীনভাবে; বাইহাকী, সালাত ৩/৮৯।

আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি মুসনাদুল মাুউসিলী নং ২১০; সহীহ ইবনু হিব্বান নং ৭৭২।

এছাড়াও, তাহাবী, শারহু মুশকিলীল আছার ৩/৫৭; আব্দুর রাযযাক নং ২০৯৪৩; আবীল ওয়ালীদ, আখবারু মক্কা ২/১৫২; আবুল ফাযল আর রাযী, ফাযাইলুল কুরআন নং ৬৩।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন